

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২৪০

২৭/ আদব

পরিচ্ছেদঃ সালামের আদব সালাম দেওয়ার গুরুত্ব ও তা ব্যাপকভাবে প্রচার করার নির্দেশ

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ عَلَيْ قَالَ لَمَّا خَلَقَ اللهُ آدَمَ عَلَيْ قَالَ: اذْهَبْ فَسَلِّمْ عَلَى أُولئِكَ وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ عَلَى أُولئِكَ وَنَوْ مِنَ المَلائِكَةِ جُلُوسٌ ـ فَاسْتَمِعْ مَا يُحَيُّونَكَ فَإِنَّهَا تَحِيَّتُكَ وَتَحِيَّةُ ذُرِّيتِكَ فَقَالَ: السَّلاَمُ عَلَيْكَ وَرَحْمَةُ اللهِ فَزَادُوهُ: وَرَحْمَةُ اللهِ متفقٌ عَلَيْهِ

বাংলা

(৩২৪০) আবৃ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ যখন আদম (আঃ)-কে সৃষ্টি করলেন। তখন তাঁকে বললেন, 'তুমি যাও এবং ঐ যে ফিরিশতামণ্ডলীর একটি দল বসে আছে, তাদের উপর সালাম পেশ কর। আর ওরা তোমার সালামের কী জবাব দিচ্ছে তা মন দিয়ে শুনো। কেননা, ওটাই হবে তোমার ও তোমার সন্তান-সন্ততির সালাম বিনিময়ের রীতি।' সুতরাং তিনি (তাঁদের কাছে গিয়ে) বললেন, 'আসসালামু আলাইকুম'। তাঁরা উত্তরে বললেন, 'আসসালামু আলাইকা অরহমাতুল্লাহ'। অতএব তাঁরা 'অরহমাতুল্লাহ' শন্দটা বেশী বললেন।

ফুটনোট

(বুখারী ৩৩২৬, ৬২২৭, মুসলিম ৭৩৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন